

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/২০ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১১৭-আইন/২০২৬/০৩/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড এর সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে H.S. Code-8702.40.00 এর আওতায় ন্যূনতম ড্রাইভারসহ ১৭ (সতেরো) আসন বিশিষ্ট ইলেকট্রিক (Electric) বাস এবং H.S. Code-8704.60.00 এর আওতায় ৫ টন বা তদূর্ধ্ব ধারণক্ষমতা সম্পন্ন (Payload) ইলেকট্রিক (Electric) ট্রাক আমদানির ক্ষেত্রে সমুদয় কাস্টমস ডিউটি (CD), রেগুলেটরি ডিউটি (RD), সম্পূরক শুল্ক (SD) (যদি থাকে), আগাম কর (AT) এবং অগ্রিম আয় কর (AIT) হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

- আমদানিকৃত বাস বা ট্রাক সম্পূর্ণ নতন (Brand New) হইতে হইবে;
- আমদানিকৃত ইলেকট্রিক বাস বা ট্রাক, প্রযোজ্য ক্ষেত্রে, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ বা অন্য কোনো উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মানের হইতে হইবে, অথবা সংশ্লিষ্ট রপ্তানিকারক দেশের Type Approval Authority বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত (Certification) হইতে হইবে; এবং

(১৮০৯৭)

মূল্য: টাকা ৪.০০

- (গ) আমদানিকৃত বাস বা ট্রাকে স্থাপিত ব্যাটারি প্রতিস্থাপন ব্যতিরেকে ন্যূনতম ৭ (সাত) বৎসর অথবা ৩,০০,০০০ (তিন লক্ষ) কি.মি. চলবে মর্মে ওয়ারেন্টি সম্পন্ন হইতে হইবে এবং এর স্বপক্ষে যথাযথ প্রমাণক থাকিতে হইবে।
- ২। ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।